# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৮১]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৪৪: অন্য আরেক প্রকার তাশাহহুদ

نوع آخر من التشهد

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ هِشَامٍ، عَنْ قَتَادَةَ. ح وَأَنْبَأَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قَالَ: حَدَّثَنَايَحْيَى، قَالَ: حَدَّثَنَا هِشَامٌ، قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ، عَنْ يُونُسَ بْنِ جُبَيْرٍ، عَنْ حِطَّانَ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ الْأَشْعَرِيَّ، قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَنَا فَعَلَّمَنَا سُنَّتَنَا وَبَيَّنَ لَنَا صَلَاتَنَا، فَقَالَ: إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَأَقِيمُوا صُفُوفَكُمْ، ثُمَّ لِيَؤُمَّكُمْ أَحَدُكُمْ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا، وَإِذَا قَالَ: وَلا الضَّالِّينَ سورة الفاتحة آية 7، فَقُولُوا: آمِينَ يُجِبْكُمُ اللَّهُ، ثُمَّ إِذَا كَبَّرَ وَرَكَعَ فَكَبِّرُوا وَارْكَعُوا، فَإِنَّ الْإِمَامَ يَرْكَعُ قَبْلَكُمْ وَيَرْفَعُ قَبْلَكُمْ، قَالَ: نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَتِلْكَ بِتِلْكَ، وَإِذَا قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ، فَقُولُوا: اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ، فَإِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ قَالَ عَلَى لِسَانِ نَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ، ثُمَّ إِذَا كَبَّرَ وَسَجَدَ، فَكَبِّرُوا وَاسْجُدُوا، فَإِنَّ الْإِمَامَ يَسْجُدُ قَبْلَكُمْ وَيَرْفَعُ قَبْلَكُمْ، قَالَ: نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَتِلْكَ بِتِلْكَ، وَإِذَا كَانَ عِنْدَ الْقَعْدَةِ فَلْيَكُنْ مِنْ قَوْلِ أَحَدِكُمْ، أَنْ يَقُولَ: التَّحِيَّاتُ الطَّيِّبَاتُ الصَّلَوَاتُ لِلَّهِ، السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ، السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٨٣١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1281 ـ صحيح

বাংলা

১২৮০. মুহাম্মাদ ইবনু বাশশার ও মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহ.) ..... হিত্তান ইবনু 'আবদুল্লাহ (রহ.) হতে বর্ণিত। (আবু মূসা) আশ'আরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাদের সামনে (একদিন) খুত্ববায় আমাদের নিয়ম-কানুন শিখালেন, আমাদের সালাত সম্পর্কে বর্ণনাটি করলেন। তিনি বললেন, তোমরা যখন সালাতে দাঁড়াবে তখন তোমাদের কাতার সোজা করে নিবে, তারপর তোমাদের একজন ইমাম হবে। যখন তিনি তাকবীর বলবেন, তোমরাও তাকবীর বলবে আর যখন তিনি "ওয়ালাযযো-ল্লীন" বলবে, তোমরা তখন 'আ-মীন' বলবে, আল্লাহ তোমাদের দু'আ কবূল করবেন। এরপর যখন তিনি তাকবীর বলে রুকূতে যাবে তখন তোমরাও তাকবীর বলে রুকূতে যাবে। কেননা, ইমাম তোমাদের পূর্বে রুকূতে যাবেন এবং তোমাদের পূর্বে রুকূ' হতে উঠবেন। নবী (সা.) বললেন, এটা তার সমান হয়ে যাবে। আর যখন ইমাম "সামি আল্ল-হু লিমান হামিদাহ" বলবেন, তখন তোমরা "আল্ল-হুম্মা রব্বানা লাকাল হামদ" বলবে। আল্লাহ তা'আলা তার নবী (সা.) -এর মুখ দ্বারা বলেছেন, যে ব্যক্তি আল্লাহর প্রশংসা করে আল্লাহ তা'আলা তা শুনেন। অতঃপর যখন ইমাম তাকবীর বলে সিজদা করবেন, তখন তোমরাও তাকবীর বলে সিজদা করবে। ইমাম তোমাদের আগে সিজদা করবেন এবং তোমাদের আগে সিজদা হতে উঠবেন। আল্লাহর নবী (সা.) বললেন, তা সমান হয়ে যাবে। আর যখন তোমরা বসবে তখন তোমাদের প্রত্যেক বলবে. "আত্তাহিয়্যাতু আত্ব ত্বইয়িবা-তু আস সালাওয়া-তু লিল্লা-হি আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ। আসসালা-মু আলায়না- ওয়া আলা- 'ইবা-দিল্লা-হিস স-লিহীন, আশহাদু আল্লা-ইলা-হা ইল্লাল্ল-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ" (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক 'ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর সালাম এবং আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা'বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল।)।

## English

44. Another Version Of The Tashahhud

It was narrated from Hittan bin 'Abdullah that Al-Ash'ari said: The Messenger of Allah (ﷺ) addressed us and taught us our Sunnahs and our prayer. He said: 'When you stand for the prayer, make your rows straight, then let one of you lead the others. When he says the takbir, then say the takbir; when he says : Wa lad-dallin then say Amin and Allah (SWT) will answer you. Then when he says the takbir and bows, then say the takbir and bow, for the Imam bows before you and stands up before you.' The Prophet of Allah (ﷺ) said: This makes up for that. When he says: 'Sami' Allahu liman hamidah (Allah hears the one who praises Him),' say: 'Allahumma, Rabbana wa lakal-hamd (O Allah, our Lord, to You be praise),' Allah will hear you, for indeed Allah (SWT), the Mighty and Sublime, has said on the tongue of His Prophet: Allah hears the one who praises Him. Then when he says the takbir and prostrates, say the takbir and prostrate, for the Imam prostrates before you and rises before you.' The Prophet of Allah (ﷺ) said: 'This makes up for that.

Then when you are sitting, let the following be among what one of you says: At-tahiyyatu lillahi wasalawatu wat-tayibaat, as-salamu 'alaika ayah-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina a 'ala ibad illahis-salihin, ashadu an la ilaha ill Allah, wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu. (All compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you O Prophet, and the mercy of Allah and His blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah. I bear witness that that none has the right to be worshipped except Allah, and I bear witness that Muhammad is His slave and messenger.)

## ফুটনোট

সহীহঃ মসলিম ৪০৪, আবু দাউদ ৯৭২, ইবনু মাজাহ ৯০১। [দ্রঃ ৮৩০, ১১৭২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হিত্তান ইবনে আবদুল্লাহ আর-রাকাশী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87674

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন